# বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)

৬৮/২, পুরানা পল্টন, ঢাকা-১০০০

## সিটিজেন চার্টার

লাখো শহিদের রক্তের বিনিময়ে বাংলাদেশের মহান স্বাধীনতা অর্জনের পর শীর্ষস্থানীয় আন্তর্জাতিক বার্তা সংস্থা রয়টার্স, এএফপি, তাস- এর কর্মপদ্ধতির আদলে আন্তর্জাতিক মানের একটি জাতীয় বার্তা সংস্থা প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তদানিন্তন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ১/৭২ সাচিবিক প্রজ্ঞাপনের মাধ্যমে "দি এসোসিয়েটেড প্রেস অব পাকিস্থান (এপিপি)"-এর ঢাকাস্থ আঞ্চলিক কার্যালয়কে বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) নামকরণ করা হয়। এপিপি'র ঢাকাস্থ আঞ্চলিক কার্যালয় থেকেই নতুন নামকরণে স্বাধীন বাংলাদেশের জাতীয় বার্তা সংস্থা 'বাসস'-এর যাত্রা শুরু হয়।

১৯৭৯ সালের ২০ নং অধ্যাদেশ অর্থাৎ বাংলাদেশ সংবাদ সংস্থা অধ্যাদেশ, ১৯৭৯ মাধ্যমে জাতীয় বার্তা সংস্থা হিসেবে বাংলাদেশ সংবাদ সংস্থাকে সংবিধিবদ্ধ সংস্থায় রূপান্তর করা হয় এবং সংস্থার ব্যবস্থাপনা ১১ সদস্য বিশিষ্ট পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত করা হয়।

পঞ্চম সংশোধন আইন ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সনের ৯ এপ্রিল পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহ বাতিল ঘোষিত হয়। বাংলাদেশ সংবাদ সংস্থা অধ্যাদেশ, ১৯৭৯ এর বিধানাবলী বিবেচনাক্রমে সময়ের চাহিদার প্রতিফলনে তদস্থলে বাংলাদেশ সংবাদ সংস্থা আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৫ নং আইন) প্রণীত হয়। বাসস আইন, ২০১৮ অনুযায়ী সংস্থার পরিচালনা ও প্রশাসন ১৩ সদস্য বিশিষ্ট পরিচালনা বোর্ডের উপর ন্যস্ত হয়।

**বাসস আইন, ২০১৮ অনুযায়ী বাসস'র দায়িত্ব ও কার্যাবলী:**

**(ক)** **আন্তর্জাতিক সংস্থাসহ দেশ-বিদেশের সংবাদ সংগ্রহ করিয়া গণমাধ্যমের সাহায্যে তা বাংলাদেশসহ সমগ্র বিশ্বের জনগণের নিকট প্রচার;**

**(খ)** **জাতীয় সংবাদ বহির্বিশ্বে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণের নিমিত্ত বাংলাদেশের জাতীয় বার্তা সংস্থা হিসেবে দায়িত্ব পালন;**

**(গ)** **সমগ্র বিশ্বের রাজনৈতিক, কূটনৈতিক, অর্থনৈতিক, বাণিজ্যিক, প্রযুক্তিগত, সাংস্কৃতিক ও ক্রীড়া ক্ষেত্রের সকল সংবাদ সংগ্রহ ও বিনিময়;**

**(ঘ)** **সংবাদ সংগ্রহ ও বিনিময়ের কাজে নিয়োজিত ব্যক্তিগণের প্রশিক্ষণের জন্য দেশিয় বা বৈদেশিক গণমাধ্যম বা বার্তা সংস্থার সাথে চুক্তি সম্পাদন;**

**(ঙ)** **দেশে বা দেশের বাহিরে গণমাধ্যম বা বার্তা সংস্থার সঙ্গে সংবাদ, ফিচার, ছবি বা ভিডিও চিত্র ক্রয়-বিক্রয়;**

**(চ)** **সংস্থার সার্বিক উন্নয়ন ও আধুনিকায়নে কর্মসূচি গ্রহণ;**

(ছ) সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড জনগণকে অবহিত করিবার উদ্দেশ্যে প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি), তথ্য অধিদপ্তর (পিআইডি) এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের বহিঃপ্রচার কার্যক্রমের সহিত সমন্বয় সাধন; এবং

(জ) উপরিউক্ত দায়িত্ব ও কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় অন্যান্য কার্যাদি সম্পাদন।

**রূপকল্প** (Vision): দেশী-বিদেশী গ্রাহক ও পাঠকদের নিয়মিত ও নিরবচ্ছিন্নভাবে সঠিক, নিরপেক্ষ ও নির্ভরযোগ্য (Correct, impartial & trustworthy) সংবাদ পরিবেশন করে সংস্থাকে একটি আন্তর্জাতিক মানের ও আত্মনির্ভরশীল জাতীয় বার্তা সংস্থা ও তথ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত করা।

**অভিলক্ষ্য** (Mission): বৈষম্যহীন, ন্যায়ভিত্তিক ও জনমালিকানাভিত্তিক ও কল্যাণমুখী সমাজ ও রাষ্ট্র গড়ার চেতনার আলোকে সুনির্দিষ্ট লক্ষ্য ও আদর্শকে সমুন্নত রেখে সরকারের নীতিকৌশল, দেশের সামগ্রিক উন্নয়ন, সমস্যা, সম্ভাবনা ও প্রতিদিনের সংবাদ ইতিবাচক ও বস্তুনিষ্ঠ ভাবে জনগণের সামনে উপস্থাপন করা।

তথ্য সমাজ ও জীবনমান পরিবর্তনের গুরুত্বপূর্ণ মাধ্যম। তাই গণযোগাযোগ মাধ্যম (Mass Communication channel) হিসেবে কাজ করা। যাতে প্রান্তিক জনগণ দেশের উন্নয়ন, উন্নয়নে অংশগ্রহণ ও জবাবদিহিতার উপলব্ধি সৃষ্টি করতে সাহায্য করে।

বাসস'র চলমান সংবাদ কার্যক্রম:

- জাতীয় বার্তা সংস্থা হিসেবে "বাসস" সারা দেশ থেকে সরকারের উন্নয়ন কর্মকান্ড, ক্রীড়া, বাণিজ্যিক, অর্থনৈতিক, সাংস্কৃতিকসহ সকল ধরনের গুরুত্বপূর্ণ সংবাদ সংগ্রহ করে।
- সংগৃহিত সংবাদ যথাযথ সম্পাদনা করে গ্রাহক গণমাধ্যম (প্রিন্ট ও ইলেক্ট্রনিক), নিজস্ব ওয়েবসাইট এবং সামাজিক যোগাযোগ মাধ্যমের সাহায্যে জনগণের নিকট প্রচার করে থাকে।
- বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও গণঅভ্যুত্থানে শহিদ ও আহতদের সংবাদ সংগ্রহ ও প্রচার করে থাকে।
- অন্তবর্তীকালীন সরকারের গৃহীত সংস্কারমূলক কার্যক্রমের সংবাদ সংগ্রহ ও প্রচার করে থাকে।
- বিভিন্ন আন্তর্জাতিক বার্তা সংস্থার সাথে সংবাদ বিনিময় চুক্তির আওতায় আন্তর্জাতিক ঘটনাবলীর সংবাদ সংগ্রহ এবং যথাযথ সম্পাদনা করে প্রচার করে থাকে।
- মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধান উপদেষ্টার প্রতিদিনের কর্মকান্ডের সংবাদ ও ছবি সংগ্রহ ও পরিবেশন;
- সকল মন্ত্রণালয়, সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের দৈনন্দিন কর্মকান্ডের সংবাদ ও ছবি সংগ্রহ ও পরিবেশন;
- দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে সকল ধরনের গুরুত্বপূর্ণ সংবাদ বিশেষ করে প্রান্তিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়নের সংবাদ সংগ্রহ ও পরিবেশন;

- বিশ্বের রাজনৈতিক, কূটনৈতিক, অর্থনৈতিক, বাণিজ্যিক, সাংস্কৃতিক ও ক্রীড়া সংবাদ সংগ্রহ এবং সম্পাদনা করে দেশের সকল গণমাধ্যমসহ অন্যান্য দেশের জাতীয় বার্তা সংস্থায় পরিবেশন;
- বাংলাদেশের সকল গণমাধ্যমে বিভিন্ন ধরনের সংবাদ, ফিচার ও আলোকচিত্র পরিবেশন;
- প্রতিদিন বাংলা ও ইংরেজি ভাষায় প্রায় ১৭০ থেকে ১৮০টি সংবাদ, ফিচার ও ছবি সংগ্রহ করে দেশের প্রধান প্রধান পত্রিকা, টেলিভিশন, রেডিও এবং গুরুত্বপূর্ণ সরকারি কার্যালয়ে সরবরাহ;
- এসডিজি বাস্তবায়নে সচেতনতা তৈরির জন্য সংবাদ সংগ্রহ ও প্রচার;
- বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) থেকে বৈষম্যবিরোধী ছাত্র-জনতার গণঅভ্যুত্থান সম্পর্কিত সংবাদ, ছাত্র আন্দোলন ও গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের সংবাদ সংগ্রহপূর্বক "গণঅভ্যুত্থানের গাথা-বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে আত্মদানের গল্প" শিরোনামে মানবিক প্রতিবেদন তৈরি করে নিয়মিত প্রচার;
- "তারুণ্যের উৎসব-২০২৫" বাংলা শিরোনামে ও"Festival of Youth-2025" ইংরেজি শিরোনামে তারুণ্যের উৎসব ও তরুণ উদ্যোক্তা বিষয়ে বাসস থেকে প্রতিবেদন তৈরি করে প্রচার;
- সারা দেশের শিক্ষা, কৃষি, গ্রন্থাগার, প্রযুক্তি, সংস্কৃতি বিষয়ে তরুণদের উদ্যোগ, ক্রীড়া উদ্যোগ ও ক্রীড়া ক্ষেত্রের উদীয়মান ক্রীড়াবিদদের সংবাদ, পর্যটন কেন্দ্র ও পর্যটন উদ্যোগ, দেশের ক্রীড়াঙ্গন ও ক্রীড়া অবকাঠামো নিয়ে বাসস থেকে সংবাদ প্রচারের মাধ্যমে দেশের তরুন সমাজকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে বাসস থেকে নিয়মিত সংবাদ প্রচার;
- বিগত আওয়ামীলীগ সরকারের ২০০৯-২০২৪ সাল পর্যন্ত দুর্নীতি, অনাচার, দমন-পীড়ন, মানবতাবিরোধী অপরাধ, সাম্প্রতিক হত্যাযজ্ঞ ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত করে সংবাদ সংগ্রহ করে প্রচার;
- তথ্য-প্রযুক্তি শক্তিশালীকরণের মাধ্যমে অডিও, ভিজ্যুয়াল সংবাদ সংগ্রহ ও সম্প্রচারের জন্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে, যা বাস্তবায়নের পর্যায়ে রয়েছে;
- আন্তর্জাতিক বার্তা সংস্থার সাথে সংবাদ বিনিময়ের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের উন্নয়ন কার্যক্রম প্রচারের মাধ্যমে ইতিবাচক ভূমিকা পালন;
- দুর্নীতির বিরুদ্ধে সচেতনতা তৈরি, পার্বত্য জেলাসমূহের সংবাদসহ বর্তমান সরকারের সকল নীতি-কৌশলের বাস্তবায়ন সংবাদ প্রচার;
- বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ও বাস্তবায়ন সম্পর্কে নিয়মিত সংবাদ পরিবেশন;
- এসডিজি বিষয়ে সংবাদ, ফিচার ও ছবি সংগ্রহ ও পরিবেশন;
- আন্তর্জাতিক ও অন্যান্য দেশের জাতীয় বার্তা সংস্থার সাথে সংবাদ বিনিময় চুক্তি স্বাক্ষর ও বাস্তবায়ন;

- অনলাইন সার্ভিসের মাধ্যমে সামাজিক যোগাযোগ মাধ্যমসহ সকল গণমাধ্যমে উন্নয়ন কর্মকাণ্ডের প্রচার;
- অবাধ তথ্য প্রবাহ নিশ্চিত করতে বাসস-এ কেন্দ্রিয় ডেস্ক এবং রিপোর্টিং বিভাগের পাশাপাশি জাতীয় ডেস্ক, বিজনেস ডেস্ক, আইন ডেস্ক, স্পোর্টস ডেস্ক ও অন-লাইন ডেস্ক চালু রয়েছে;
- ৫টি বিভাগীয় শহরে ব্যুরো/আঞ্চলিক কার্যালয়সহ সকল জেলা পর্যায়ে সংবাদদাতাদের মাধ্যমে সংবাদ সংগ্রহ করে প্রচার করে যাচ্ছে।

## ১. নাগরিক/গ্রাহক সেবা:

| ক্রমিক নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম,পদবী,ফোন নম্বর,ইমেল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০১. | ইংরেজী সংবাদ সরবরাহ সেবা | যে কোন সংবাদপত্র, ইলেক্ট্রনিক মিডিয়া বা যে কোন গণমাধ্যম বাসস'র সংবাদ গ্রাহক হওয়ার জন্য আবেদন করলে তাদের সাথে চুক্তি সম্পাদনের মাধ্যমে। | বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) ৬৮/২ পুরানা পল্টন ঢাকা-১০০০। | মূল্য: প্রতিমাসে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পদ্ধতিঃ ০৩ (তিন) মাসের নিরাপত্তা জামানতসহ এক মাসের অগ্রিম প্রদান সাপেক্ষে চুক্তি স্বাক্ষরের মাধ্যমে। | আবেদনপত্র পাওয়ার ০২ (দুই) মাসের মধ্যে চুক্তি স্বাক্ষর করার পর ০৩(তিন) দিনের মধ্যে সংবাদ সরবারাহ শুরু করে চুক্তিসীমা পর্যন্ত। | জনাব মাহবুব মোর্শেদ<br>ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক<br>ফোন: ০২৪১০৫০৩৪৬০<br>ইমেইল:<br>bssnews@bssnews.net |
| ০২. | বাংলা সংবাদ সরবরাহ সেবা | যে কোন সংবাদপত্র, ইলেক্ট্রনিক মিডিয়া বা যে কোন গণমাধ্যম বাসস'র সংবাদ গ্রাহক হওয়ার জন্য আবেদন করলে তাদের সাথে চুক্তি সম্পাদনের মাধ্যমে। | বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) ৬৮/২ পুরানা পল্টন ঢাকা-১০০০। | মূল্য: প্রতিমাসে ২০,০০০/- (বিশ হাজার) টাকা<br>পদ্ধতি: ০৩ (তিন) মাসের নিরাপত্তা জামানতসহ এক মাসের অগ্রিম প্রদান সাপেক্ষে চুক্তি স্বাক্ষরের মাধ্যমে। | আবেদনপত্র পাওয়ার ০২ (দুই) মাসের মধ্যে চুক্তি স্বাক্ষর করার পর ০৩ (তিন) দিনের মধ্যে সংবাদ সরবারাহ শুরু করে চুক্তিসীমা পর্যন্ত। | জনাব মাহবুব মোর্শেদ<br>ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক<br>ফোন: ০২৪১০৫০৩৪৬০<br>ইমেইল:<br>bssnews@bssnews.net |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৩. | ইংরেজী ও বাংলা উভয় সংবাদ সরবরাহ সেবা | যে কোন সংবাদপত্র, ইলেক্ট্রনিক মিডিয়া বা যে কোন গণমাধ্যম বাসস'র সংবাদ গ্রাহক হওয়ার জন্য আবেদন করলে তাদের সাথে চুক্তি সম্পাদনের মাধ্যমে। | বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) ৬৮/২ পুরানা পল্টন ঢাকা-১০০০। | মূল্য: প্রতি মাসে ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা পদ্ধতি: ০৩ (তিন) মাসের নিরাপত্তা জামানতসহ ০১ (এক) মাসের অগ্রিম প্রদান সাপেক্ষে চুক্তি স্বাক্ষরের মাধ্যমে। | আবেদনপত্র পাওয়ার ০২ (দুই) মাসের মধ্যে চুক্তি স্বাক্ষর করার পর ০৩ (তিন) দিনের মধ্যে সংবাদ সরবারাহ শুরু করে চুক্তিসীমা পর্যন্ত। | জনাব মাহবুব মোর্শেদ<br>ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক<br>ফোনঃ ০২৪১০৫৩৪৬০<br>ইমেইলঃ<br>bssnews@bssnews.net |
| ০৪. | সংবাদচিত্র (ফটো সার্ভিস) সেবা | যে কোন সংবাদপত্র, ইলেক্ট্রনিক মিডিয়া বা যে কোন গণমাধ্যম বাসস'র সংবাদ গ্রাহক হওয়ার জন্য আবেদন করলে তাদের সাথে চুক্তি সম্পাদনের মাধ্যমে। | বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) ৬৮/২ পুরানা পল্টন ঢাকা-১০০০। | মূল্য: প্রতি মাসে ১৫,০০০/- (পনের হাজার) টাকা পদ্ধতি: ০৩ (তিন) মাসের নিরাপত্তা জামানতসহ ০১ (এক) মাসের অগ্রিম প্রদান সাপেক্ষে চুক্তি স্বাক্ষরের মাধ্যমে। | আবেদনপত্র পাওয়ার ০২ (দুই) মাসের মধ্যে চুক্তি স্বাক্ষর করার পর ০৩ (তিন) দিনের মধ্যে সংবাদ সরবারাহ শুরু করে চুক্তিসীমা পর্যন্ত। | জনাব মাহবুব মোর্শেদ<br>ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক<br>ফোন: ০২৪১০৫৩৪৬০<br>ইমেইল:<br>bssnews@bssnews.net |
| ০৫. | প্রেস রিলিজ | যে কোন ব্যাক্তি সংস্থায় তার বিভিন্ন কর্মকান্ডের সংবাদ প্রচারের উদ্দেশ্যে প্রেস রিলিজ বাসস'র বরাবরে প্রেরণ করতে হবে। | প্রযোজ্য নয়। | বিনামূল্যে | প্রেস রিলিজ সংস্থায় পৌছানোর পর সংবাদের গুরুত্ব অনুযায়ী সংস্থার সম্পাদনা বিভাগ তাৎক্ষনিকভাবে সংশ্লিষ্ট সংবাদ তৈরি করে প্রচারের ব্যবস্থা করে থাকে। | নাম,পদবী ও ফোন নম্বরঃ<br>(১) জনাব মোঃ মানিকুল আজাদ<br>প্রধান বার্তা সম্পাদক (ইংরেজি)<br>ফোন: ০২৪১০৫৩৪৫০-৫৯<br>(২ ) জনাব মোঃ আকতারুজ্জামান<br>প্রধান বার্তা সম্পাদক (বাংলা)<br>ফোন: ০২৪১০৫৩৪৫০-৫৯<br>(৩) জনাব জি এম রাজিব হোসেন<br>প্রধান প্রতিবেদক (ইংরেজি)<br>ফোন: ০২৪১০৫৩৪৫০-৫৯<br>(৪) জনাব মোঃ দিদারুল আলম<br>প্রধান প্রতিবেদক (বাংলা)<br>ফোন: ০২৪১০৫৩৪৫০-৫৯<br>ইমেইল:<br>bssnews@bssnews.net |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৬. | সংবাদ কভারেজ/সংগ্রহ | যে কোন সভা সমাবেশ, সেমিনার ও সিম্পোজিয়াম ইত্যাদির সংবাদ কভার করার লক্ষ্যে সংশ্লিষ্ট রাজনৈতিক দল, সংগঠন, দপ্তর বা যে কোন প্রতিষ্ঠানের পক্ষ থেকে সংবাদ কভার করার জন্য রিপোর্টার চেয়ে প্রধান প্রতিবেদকের বরাবরে আবেদন করতে হবে। প্রধান প্রতিবেদক আবেদনপত্র পাওয়ার পর অনুষ্ঠানের গুরুত্ব বিবেচনা করে সংবাদ কভার করার জন্য রিপোর্টার প্রেরণ করে থাকেন। | আবেদনপত্র প্রয়োজন | বিনামূল্যে | সংশ্লিষ্ট রিপোর্টার অনুষ্ঠানের সংবাদ কভার করে সংস্থার অফিসে এসে সংবাদটি তৈরি করে পরিবেশনের ব্যবস্থা গ্রহণ করে থাকে। | নাম,পদবী ও ফোন নম্বরঃ<br>(১) জনাব মোঃ মানিকুল আজাদ<br>প্রধান বার্তা সম্পাদক(ইংরেজি)<br>ফোন: ০২৪১০৫৩৪৫০-৫৯<br>(২ ) জনাব মোঃ আকতারুজ্জামান<br>প্রধান বার্তা সম্পাদক (বাংলা)<br>ফোন: ০২৪১০৫৩৪৫০-৫৯<br>(৩) জনাব জি এম রাজিব হোসেন<br>প্রধান প্রতিবেদক (ইংরেজি)<br>ফোন: ০২৪১০৫৩৪৫০-৫৯<br>(৪) জনাব মোঃ দিদারুল আলম<br>প্রধান প্রতিবেদক (বাংলা)<br>ফোন: ০২৪১০৫৩৪৫০-৫৯<br>ইমেইল:<br>bssnews@bssnews.net |

## ২. প্রাতিষ্ঠানিক সেবা:

| সেবার নাম | | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর, ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | বার্ষিক, মধ্যমেয়াদি ও সংশোধিত বাজেট কাঠামো প্রণয়ন | সংস্থার চাহিদা মোতাবেক বার্ষিক, মধ্যমেয়াদি ও সংশোধিত বাজেট প্রণয়ন করে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ। | বাসস'র ওয়েবসাইট: www.bssnews.net | বিনামূল্যে | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নির্ধারিত সময়সীমা। | জনাব মাহবুব মোর্শেদ<br>ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক<br>ফোন: ০২৪১০৫৩৪৬০<br>ইমেইল: bssnews@bssnews.net |
| ২. | পরিবহন সেবা | আবেদনের পরিপ্রেক্ষিতে। | প্রশাসন | বিনা মূল্যে | আবেদনের তারিখ থেকে ২৪ ঘন্টা। | জনাব মাহবুব মোর্শেদ<br>ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক<br>ফোন: ০২৪১০৫৩৪৬০<br>ইমেইল: bssnews@bssnews.net |

## ৩. আভ্যন্তরীণ সেবা:

| সেবার নাম | | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর, ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১. | বিভিন্ন প্রকার ছুটি | আবেদনের পরিপ্রেক্ষিতে | প্রশাসন বিভাগ | বিনামূল্যে | আবেদনের তারিখ হতে এক সপ্তাহ | জনাব মাহবুব মোর্শেদ<br>ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক<br>ফোন: ০২৪১০৫৩৪৬০<br>ইমেইল:<br>bssnews@bssnews.net |
| ২. | চাকুরি স্থায়ীকরণ, অবসর মঞ্জুরি, অবসর প্রদান | চাকুরি বিধিমালা অনুযায়ী | দাপ্তরিক নথি | বিনা মূল্যে | চাকুরি বিধিমালা অনুযায়ী | জনাব মাহবুব মোর্শেদ<br>ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক<br>ফোন: ০২৪১০৫৩৪৬০<br>ইমেইল:<br>bssnews@bssnews.net |
| ৩. | পদোন্নতি/গ্রেড উন্নতি/পদায়ন | পদোন্নতি/গ্রেড উন্নতি/পদায়ন কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে | বার্ষিক গোপনীয় প্রতিবেদন, দাপ্তরিক নথি | বিনা মূল্যে | পদোন্নতির নীতিমালা মোতাবেক | জনাব মাহবুব মোর্শেদ<br>ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক<br>ফোন: ০২৪১০৫৩৪৬০<br>ইমেইল:<br>bssnews@bssnews.net |
| ৪. | সিপিএফ মঞ্জুরী | নির্দিষ্ট ফরমে আবেদনের প্রেক্ষিতে | ট্রাষ্টি বোর্ড | বিনা মূল্যে | ট্রাস্টি বোর্ড নির্ধারিত সভায় | জনাব মাহবুব মোর্শেদ<br>ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক<br>ফোন: ০২৪১০৫৩৪৬০<br>ইমেইল:<br>bssnews@bssnews.net |
| ৫. | অবসর পরবর্তী গ্র্যাচুইটি মঞ্জুরী | আবেদনের প্রেক্ষিতে | হিসাব বিভাগ | বিনা মূল্যে | চূড়ান্ত অডিট নিষ্পত্তি সাপেক্ষে | জনাব মাহবুব মোর্শেদ<br>ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক<br>ফোন: ০২৪১০৫৩৪৬০<br>ইমেইল:<br>bssnews@bssnews.net |

## # সেবা গ্রহীতার নিকট বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)'র প্রত্যাশা

| ক্রমিক নং | প্রতিশ্রুতি/কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ১. | ইংরেজী সংবাদ সরবরাহ সেবা: সেবা প্রাপ্তির লক্ষ্যে সেবা প্রত্যাশি প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সংবাদপত্র বা ইলেক্টনিক মিডিয়া কর্তৃপক্ষকে প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে বাসস'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক বরাবরে আবেদন করতে হবে। আবেদন প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে সেবা প্রদানের প্রক্রিয়া শুরু হবে। সংস্থার সংশ্লিষ্ট বিভাগ থেকে আবেদনকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে চুক্তি স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করবে। |
| ২. | বাংলা সংবাদ সরবরাহ সেবা: সেবা প্রাপ্তির লক্ষ্যে সেবা প্রত্যাশি প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সংবাদপত্র বা ইলেক্টনিক মিডিয়া কর্তৃপক্ষকে প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে বাসস'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক বরাবরে আবেদন করতে হবে। আবেদন প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে সেবা প্রদানের প্রক্রিয়া শুরু হবে। সংস্থার সংশ্লিষ্ট বিভাগ থেকে আবেদনকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে চুক্তি স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করবে। |
| ৩. | ইংরেজী ও বাংলা উভয় সংবাদ সরবরাহ সেবা : সেবা প্রাপ্তির লক্ষ্যে সেবা প্রত্যাশি প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সংবাদপত্র বা ইলেক্টনিক মিডিয়া কর্তৃপক্ষকে প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে বাসস'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক বরাবরে আবেদন করতে হবে। আবেদন প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে সেবা প্রদানের প্রক্রিয়া শুরু হবে। সংস্থার সংশ্লিষ্ট বিভাগ থেকে আবেদনকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে চুক্তি স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করবে। |
| ৪. | সংবাদচিত্র (ফটো সার্ভিস) সেবা : সেবা প্রাপ্তির লক্ষ্যে সেবা প্রত্যাশি প্রতিষ্ঠান সংশ্লিষ্ট সংবাদপত্র বা ইলেক্টনিক মিডিয়া কর্তৃপক্ষকে প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে বাসস'র ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক বরাবরে আবেদন করতে হবে। আবেদন প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে সেবা প্রদানের প্রক্রিয়া শুরু হবে। সংস্থার সংশ্লিষ্ট বিভাগ থেকে আবেদনকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে চুক্তি স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করবে। |

## # অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS)

সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করুন:

| ক্রমিক নং | কখন যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তি সময়সীমা |
|---|---|---|---|
| ১. | সরকারি ছুটির দিন ব্যতিত যে কোন কার্যদিবসে সকাল ৯:০০ টা হতে বেলা ৩:০০ টা পর্যন্ত।<br>ব্যবস্থাপনা সম্পাদক এর দপ্তরের সাথে যোগাযোগ করতে হবে।<br>ঠিকানা: ৬৮/২, পুরানা পল্টন, ঢাকা-১০০০<br>ফোনঃ ২৪১০৫৩৪৫০<br>ইমেইলঃ bssnews@bssnews.net | GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>ব্যবস্থাপনা সম্পাদক<br>ফোন: ২৪১০৫৩৪৫০<br>ইমেইল:<br>bssnews@bssnews.net<br>ওয়েব পোর্টালঃ www.bssnews.net | অভিযোগ প্রাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে। |

# বাসস-এর ব্যুরো অফিস ও আঞ্চলিক অফিসসমূহের ঠিকানা:

| | |
|---|---|
| ১. বাসস চট্টগ্রাম ব্যুরো অফিস<br>১ নং জামাল খান রোড<br>চট্টগ্রাম।<br>ফোন: ০৩১-৬৩৩৮৮৩, ৬৩৭৪৬৭<br><br>দায়িত্ব: জনাব মোহাম্মদ শাহনওয়াজ<br>ব্যুরো প্রধান (বিশেষ সংবাদদাতা), বাসস<br>মোবাইল: ০১৭১৩-৩৮৯৮৯১, ০১৯৭৯-৫৫৮৮৬৬ | ২. বাসস রাজশাহী অফিস<br>জি/১২০ (সাবেক জি/৭৯৩), বোয়ালিয়াপাড়া,<br>রাজশাহী ।<br>ফোন: ০৭২১-৭৭২৯২৫<br><br>দায়িত্ব: ড. মোঃ আইনাল হক<br>বিশেষ সংবাদদাতা/বার্তা সম্পাদক, বাসস<br>মোবাইল: ০১৭১২-০১১০১২ |
| ৩. বাসস সিলেট অফিস<br>রুম নং-২/১৪-বি<br>ইস্টার্ন প্লাজা (৩য় তলা)<br>এম. এ. জি ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দর সড়ক,<br>আম্বরখানা, সিলেট।<br><br>দায়িত্ব: জনাব সেলিম আউয়াল<br>খন্ডকালীন স্টাফ করেসপনডেন্ট, বাসস<br>মোবাইল: ০১৭১৫-১১৪৫৪৬ | ৪. বাসস খুলনা অফিস<br>সাং-১১৬, স্যার ইকবাল রোড,<br>দাগ নং-৩৮২৮, মৌজা বানিয়ানগর,<br>খুলনা।<br>ফোন: ০১৭১৬-২৪১৭৫৫<br><br>দায়িত্ব: জনাব এস. এম. জাহিদ হোসেন<br>জুনিয়র রিপোর্টার, বাসস<br>মোবাইল: ০১৭১৬-২৪১৭৫৫ |
| ৫. বাসস রাঙামাটি অফিস<br>কাঠালতলী জামে মসজিদ মার্কেট,<br>কাঠালতলী,<br>রাঙামাটি পার্বত্য জেলা।<br>ফোন: ০১৮১৮-২০১৮৯৫<br><br>দায়িত্ব: জনাব মনসুর আহম্মেদ<br>রাঙামাটি জেলা সংবাদদাতা, বাসস<br>মোবাইল: ০১৮১৮-২০১৮৯৫ | |